বাংলাদেশ একটি উন্নয়নশীল দেশ। আমাদের সম্পদ সীমিত কিন্তু মানব সম্পদ অধিক তাই কোন পরিকল্পনা ছাড়া যত্রতত্র অর্থ ব্যয় করে কোন কাজ করলে আমরা কোন দিনই উন্নতির শিখরে আরোহন করতে পারবোনা। বাংলাদেশের প্রতিটি গ্রামে উন্নয়নের ছোঁয়া লাগাতে প্রতিটি উপজেলায় জনসাধারণের কর্মসংস্থান বৃদ্ধির লক্ষ্যে উপজেলা বার্ষিক পরিকল্পনা বাস্তবায়নের জন্য একটি পরিকল্পনা প্রণয়ন করা হয়েছে।

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্বপ্নের সোনার বাংলা বিনির্মাণে সুনির্দিষ্ট পরিকল্পনার বিকল্প নেই। সু-শাসন, স্বচ্চতা, জবাবদিহিতা প্রতিটি কাজে প্রতিটি মানুষের দাবী। সকল কাজ ও প্রকল্পের কর্মপরিকল্পনা, কর্মপদ্ধতি সুচিন্তিত হলে এবং তা যদি সৎ, সুশিক্ষিত, জ্ঞানী, অভিজ্ঞ ও জনপ্রতিনিধি দ্বারা তৈরি করা ও বাস্তবায়িত হয়, তাহলে অবশ্যই সু-শাসন প্রতিষ্ঠিত হবে। কাজের স্বচ্ছতা থাকবে, থাকবে জবাবদিহিতা।

আমি এর সাথে সংশ্লিষ্ট সকলকে আন্তরিক ধন্যবাদ জানাচ্ছি। এ পরিকল্পনা যথাযথভাবে বাস্তবায়িত হলে ঈশ্বরগঞ্জের সার্বিক উন্নয়ন সাধিত হবে বলে আমি বিশ্বাস করি।

মাহমুদ হাসান সুমন
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
ঈশ্বরগঞ্জ,ময়মনসিংহ।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার একটি সমৃদ্ধ বাংলাদেশ গড়তে সুনির্দিষ্ট পরিকল্পনা অনুযায়ী অগ্রসর হচ্ছে। উপজেলা পরিষদের পঞ্চবার্ষিকী পরিকল্পনা সেই সুনির্দিষ্ট পরিকল্পনার গুরুত্বপূর্ণ অংশ। উপজেলা পরিষদের মাধ্যমে তৃনমূল পর্যায়ে সরকারের উন্নয়ন কার্যক্রম বাস্তবায়িত হবে।

এ প্রেক্ষিতে ঈশ্বরগঞ্জ উপজেলা পরিষদের বার্ষিক পরিকল্পনা ২০২১-২২ প্রণয়ন করা হচ্ছে। এ পরিকল্পনায় ঈশ্বরগঞ্জের বিদ্যমান সমস্যা ও সম্ভাবনাকে গুরুত্ব দেয়া হয়েছে। এ পরিকল্পনায় সংশ্লিষ্ট উপজেলা কমিটি, জনপ্রতিনিধি ও স্থানীয় জনসাধারণ যারা মতামত দিয়েছেন সবার প্রতি আন্তরিক কৃতজ্ঞতা। বিশেষ ধন্যবাদ জানাই উপজেলা পরিষদের মাননীয় উপদেষ্টা বাংলাদেশ সংসদের মাননীয় সংসদ সদস্য জনাব **ফখরুল ইমাম মহোদয়** ও ঈশ্বরগঞ্জ উপজেলা পরিষদের সম্মানিত চেয়ারম্যান জনাব মাহমুদ হাসান সুমন কে।

মোসা: হাফিজা জেসমিন
উপজেলা নির্বাহী অফিসার
ঈশ্বরগঞ্জ,ময়মনসিংহ।

ইতিহাস[সম্পাদনা]

১১ টি ইউনিয়ন নিয়ে ৭ নভেম্বর ১৯৮২ সালে ঈশ্বরগঞ্জ থানাকে আপগ্রেড করা হয়। পরবর্তীতে ১৫ নভেম্বর ১৯৮৩ সালে গেজেট বিজ্ঞপ্তি প্রকাশিত হওয়ার পর আনুষ্ঠানিকভাবে ঈশ্বরগঞ্জ উপজেলার কার্যক্রম চালু হয়।

নামকরণ[সম্পাদনা]

শুরুতেই ঈশ্বরগঞ্জের নাম ঈশ্বরগঞ্জ ছিলো না। ইংরেজ শাসন আমলে এর নামকরণ করা হয়েছিল **পিতলগঞ্জ**। পিতলগঞ্জ থেকে "ঈশ্বরগঞ্জ" নামকরণ হওয়ার পিছনেও রয়েছে ঐতিহাসিক প্রেক্ষাপট। ঈশ্বরপাটনী নামে এক খেয়ামাঝি ছিলো। তার কাজ ছিলো ব্রহ্মপুত্রের শাখা নদী অথচগভীর খরস্রোতা 'কাচা মাটিয়া' নদীর বুক বেয়ে ঈশ্বরগঞ্জ সদরের পাশেই দওপাড়া গ্রাম এলাকায় পিতলগঞ্জ বাজারের ঘাটে খেয়াপারাপার করা। পিতলগঞ্জ বাজারটি ছিলো ইংরেজদের স্থাপিত। ঈশ্বরগঞ্জ ছিলো গৌরীপুরের জমিদারদের পরগণা। খেয়ামাঝি ঈশ্বরপাটনীকে খেয়াপারাপারের জন্যে জমিদারের নায়েবকে নজরানা দিয়ে খেয়াপারাপার করতে হতো।ঈশ্বরপাটনী আস্তে আস্তে পরিচিত ও জনপ্রিয় হয়ে ওঠে। পিতলগঞ্জ হাটে খেয়াপারাপারের জন্যেই তার এই পরিচিতি ও জনপ্রিয়তা। পণ্য বেচাকেনার জন্যে মানুষকে স্বাভাবিক ভাবেই খেয়াপারাপার করতে হতো। এক পর্যায়ে ইংরেজগণ নীলকুঠি স্থাপন করে এবং মানুষকে নীল চাষে বাধ্য করে। ইংরেজরা নির্বিচারে এলাকার বিভিন্ন শ্রেণী-পেশার মানুষ বিশেষ করে পিতলগঞ্জের ব্যবসায়ীদের অতিষ্ঠ করে তোলে। অত্যাচারে মানুষের প্রাণ ওষ্ঠাগত অবস্থা। অত্যাচারে অতিষ্ঠ হলেও মানুষ প্রতিবাদ করার মতো সাহসী ভূমিকা পালন করতে পারেনি। ঈশ্বরপাটনী মানুষের এই দুর্ভোগ ও দুর্দশার নীরব সাক্ষী। নীলকরদের অত্যাচার মেনে নিতে পারেনি ঈশ্বরপাটনী। সেক্ষুব্ধ ও ক্ষিপ্ত হয়ে ওঠে। প্রতিবাদী হয়ে ওঠে সে, হয় দেশপ্রেমে উদ্বুদ্ধ। এক পর্যায়ে কোনো একদিন নীলকুঠির সাহেবগণ হাটে সমাগত মানুষদের নীলচাষ করতেবলে, ধমক দেয়, এমনকি চাবুক পর্যন্ত মারে। ভীতসন্ত্রস্ত হয়ে পড়ে হাটে আসা মানুষগণ। চাবুকের আঘাতেজর্জরিত মানুষের হাহাকারে প্রকম্পিত হয় পিতলগঞ্জের আকাশ-বাতাস। ঈশ্বরপাটনী এই অত্যাচার সহ্য করতে না পেরে শাল কাঠের বৈঠা হাতে নিয়ে দৌড়ে যায় এবং চিৎকার করে বলতে থাকে 'সাহেব চাবুক মারাবন্ধ কর'। ইংরেজ সাহেবগণ এতেক্ষুব্ধ হয় এবং ঈশ্বরপাটনীরগায়ে চাবুক চালাতে থাকে। ঈশ্বরপাটনীর ধৈর্যের বাঁধ ভেঙে যায় এবং হাতের বৈঠা দিয়ে ইংরেজ সাহেবের মাথায় আঘাত করে। এতে করে মাটিতে লুটিয়ে পড়ে নীলকুঠির সাহেব।রক্ত ঝরতে থাকে তার। রক্তক্ষরণে এক পর্যায়ে নীলকুঠির সাহেব মারা যায়। সৃষ্টি হয় ভীতসন্ত্রস্থ অবস্থা। পিতলগঞ্জের অবস্থা হয়ে পড়ে থমথমে। পিতলগঞ্জে যেনো ঝড় হইতে থাকে এই ঘটনায়।সমগ্র বাংলায়ও এর প্রভাব পড়ে। ঈশ্বরপাটনীও প্রাণে বাঁচতে পারেনি। ভেঙে যায় পিতলগঞ্জের হাট। তৎকালীন গৌরীপুরের জমিদার ব্রজেন্দ্র কিশোর চৌধুরী বর্তমান ঈশ্বরগঞ্জ উপজেলা সদরের জন্যে দত্তপাড়া চরনিখলা মৌজায় বাজার স্থাপনকরার জন্যে জমি দান করেন। তিনি ঈশ্বরপাটনীর নামের ঈশ্বরের সঙ্গে গঞ্জ যোগ করে বাজারের নাম দেন ঈশ্বরগঞ্জ।সেই থেকেই ঈশ্বরগঞ্জ নামের সূত্রপাত। যদিও অনেকে এই ইতিহাসের বিরোধিতা করেন।

মুক্তিযুদ্ধ[সম্পাদনা]

মূল নিবন্ধ: ঈশ্বরগঞ্জ মুক্ত দিবস

১৯৭১ সালের ৯ ডিসেম্বর ময়মনসিংহের ঈশ্বরগঞ্জ থানা পাক হানাদার মুক্ত হয়েছিল। রক্ত ঝরা সেই উত্তাল দিনে দামাল ছেলেরা দেশকে শত্রুমুক্ত করার দীপ্ত শপথ নিয়ে ঝাঁপিয়ে পড়েছিল মহান মুক্তিযুদ্ধে। নিজ থানাকে শত্রুমুক্ত করতে একাত্তরের ১৬ অক্টোবর রাতে কাজী আলম, আলতাব ও হাবিবুল্লাহ খান ওই তিন কোম্পানির মুক্তিসেনারা ময়মনসিংহ, ভৈরব রেল-লাইনে মাইজহাটি ব্রিজটি ডিনামাইট ছুড়ে বিধস্তসহ টেলিফোন লাইন বিচ্ছিন্ন করার পর ময়মনসিংহ-কিশোরগঞ্জ মহাসড়কের রামগোপালপুরের কটিয়াপুরি ব্রিজটি বিধস্ত করতেই ভোর হয়ে যায়। প্রত্যুষে মুক্তিসেনারা নিরাপদ স্থানে আশ্রয় নিলেও মুক্তিযোদ্ধা সংগঠক হাসিম উদ্দিন আহাম্মদের পরামর্শে থানা আক্রমনের সিদ্ধান্ত নেয় । ওই তিন কোম্পানির মুক্তিসেনারা সড়ক পথে অগ্রসর হয়ে ঈশ্বরগঞ্জের দওপাড়া শ্বসান ঘাটে এসে তিন ভাবে বিভক্ত হয়ে পরিকল্পনা অনুযায়ী প্লাটুন কমান্ডার কাজী হাসানুজ্জামান হীরুর গ্রুপ সোনালি ব্যাংক সম্মুখে, হাবিবুর রহমান হলুদের গ্রুপ চরহোসেনপুর নলুয়া পাড়া মসজিদের পাশ থেকে, আব্দুস ছাওার ও মতিউর রহমানের গ্রুপ থানার পেছন থেকে থানা আক্রমন করেন। পাকহানাদারদের সাথে শুরু হয় তুমুলযুদ্ধ। মুক্তিযোদ্ধাদের পরিকল্পনায় ত্রুটির কারণে ভেঙে পড়ে যুদ্ধের চেইন অব কমান্ড। ফলে তাদের যুদ্ধ অভিযান ব্যর্থ হয়। এ সময় সম্মুখযুদ্ধে পাকহানাদার ও রাজাকার আলসামসদের হাতে প্রাণ দেন ৭ মুক্তিযোদ্ধা। এ যুদ্ধে শহীদ হন বীর মুক্তিযোদ্ধা শামসুল হক, আব্দুল মান্নান, আব্দুল খালেক, দুলাল, মতিউর রহমান, আবু তাহের ও হাতেম আলী। শহীদদের রক্তের বদলা নিতে মুক্তিযোদ্ধারা ৮ ডিসেম্বর পুনরায় সুসংগঠিত হয়ে ঈশ্বরগঞ্জ থানা আক্রমণের সিদ্ধান্ত নেন। ভয়াবহ আক্রমণের মুখে পাকহানাদাররা ভীত হয়ে গভীর রাতে থানা ছেড়ে পালিয়ে যায়। যুদ্ধ ছাড়াই শত্রুমুক্ত হয় ৯ ডিসেম্বর ঈশ্বরগঞ্জ। তাই ঈশ্বরগঞ্জবাসীর কাছে এ দিনটি অত্যন্ত গর্বের ও আনন্দের । ওই দিনে মুক্তিযোদ্ধা সংসদ কমান্ড কার্যালয়ে উড়েছিলো স্বাধীনতার পতাকা। ঈশ্বরগঞ্জ মুক্ত দিবস উপলক্ষে

মুক্তিযোদ্ধা সংসদ বিভিন্ন কর্মসূচী গ্রহণ করে।

প্রশাসনিক এলাকা[সম্পাদনা]

ঈশ্বরগঞ্জ উপজেলার মোট আয়তন ২৮৬.১৯ বর্গ কিলোমিটার। এ উপজেলায় বর্তমানে ১টি পৌরসভা ও ১১টি ইউনিয়ন রয়েছে। সম্পূর্ণ উপজেলার প্রশাসনিক কার্যক্রম ঈশ্বরগঞ্জ থানার আওতাধীন।[৩]

পৌরসভা:

- ঈশ্বরগঞ্জ

ইউনিয়নসমূহ:

- ১নং ঈশ্বরগঞ্জ
- ২নং সোহাগী
- ৩নং সরিষা
- ৪নং আঠারবাড়ী
- ৫নং জাটিয়া
- ৬নং মাইজবাগ
- ৭নং মগটুলা
- ৮নং রাজিবপুর
- ৯নং উচাখিলা
- ১০নং তারুন্দিয়া
- ১১নং বড়হিত

এ উপজেলায় মোট ২৯৩টি মৌজা ও ৩০৪টি গ্রাম রয়েছে।

ভূপ্রকৃতি[সম্পাদনা]

ভৌগলিক অবস্থান[সম্পাদনা]

২৪±৩৩µ থেকে ২৪±৪৪µ উত্তর অক্ষাংশ এবং ৯০±২৮µ থেকে ৯০±৪৬µ পূর্ব দ্রাঘিমাংশ। এই উপজেলার উত্তরে গৌরীপুর উপজেলা, দক্ষিণে নান্দাইল উপজেলা, পূর্বে নেত্রকোণা জেলার কেন্দুয়া উপজেলা এবং পশ্চিমে ময়মনসিংহ সদর উপজেলা ও ত্রিশাল উপজেলা অবস্থিত।

জলবায়ু[সম্পাদনা]

আরও দেখুন: বাংলাদেশের জলবায়ু

ঈশ্বরগঞ্জ উপজেলা[৪]

জলবায়ু লেখচিত্র

জা	ফে	মা	এ	মে	জু	জু	আ	সে	অ	ন	ডি
১২	১৮	৫৫	১৩০	৩০৭	৫০৬	৪৩২	৩৯৯	৩১৩	১৮২	২১	২
২২	২৫	৩০	৩২	৩২	৩২	৩২	৩২	৩২	৩০	২৭	২৪
১৮	২১	২৫	২৮	২৮	২৮	২৮	২৮	২৮	২৭	২৩	২০

সেলসিয়াস তাপমাত্রায় সর্বোচ্চ এবং সর্বোনিম্ন গড়

মিলিমিটারে বৃষ্টিপাতের মোট পরিমাণ

উৎস: [৫][৬]

দেখান**ইম্পেরিয়াল রূপান্তর**

ঈশ্বরগঞ্জ উপজেলার জলবায়ু গ্রীষ্মমন্ডলীয়। বছরের বেশিরভাগ মাসে উল্লেখযোগ্য পরিমাণে বৃষ্টিপাত হয়। সংক্ষিপ্ত শুকনো মওসুম সামগ্রিক আবহাওয়ার উপর খুব একটা প্রভাব ফেলে না। কপেন এবং গিজারের মতানুসারে, এই জলবায়ুটিকে Aw হিসাবে শ্রেণীবদ্ধ করা হয়। ঈশ্বরগঞ্জের গড় বার্ষিক তাপমাত্রা ২৫.৩± সেলসিয়াস (৭৭.৫± ফারেনহাইট)। গড় বৃষ্টিপাত ২৩৭৭ মিমি (৯৩.৬ ইঞ্চি)।[৪]
এই উপজেলায় শুষ্কতম মাস হচ্ছে ডিসেম্বর। ডিসেম্বর মাসে ১৯ মিমি বৃষ্টিপাত রেকর্ড করা হয়েছে। জুলাই মাসে গড়ে ৪৩২ মিমি গড় বৃষ্টিপাত হয়।[৪]

গড়ে ২৮.৫± সেলসিয়াস (৮৩.৩ ফা) তাপমাত্রা নিয়ে বছরের সবচেয়ে উষ্ণতম মাস হচ্ছে আগস্ট। জানুয়ারিতে বছরের সর্বনিম্ন তাপমাত্রা থাকে যা গড়ে ১৮.৪± সেলসিয়াস (৬৫.১ ফা) হয়।[৪]

সবচেয়ে শুষ্কতম এবং আদ্রতাপূর্ণ মাসে বৃষ্টিপাতের পরিমাণ ৫০৬ মিমি হয়ে থাকে। বছরের গড় তাপমাত্রা ১০.১± সেলসিয়াস (৫০.২ ফা) পর্যন্ত পরিবর্তিত হয়।[৪]

জনসংখ্যার উপাত্ত[সম্পাদনা]

- মোট জনসংখ্যা ৩,৯১,০৭৮ জন (২০১১)
  - পুরুষ ১,৯৪,৫৫০ জন
  - মহিলা ১,৯৬,৫২৮ জন
- জনসংখ্যার ঘনত্ব: ১,৩৪২ জন/প্রতি বর্গকিলোমিটারে
- মোট পরিবারের সংখ্যা: ৮১,০৭০ টি
- জনসংখ্যা বৃদ্ধির হার: ১.০৬%

নির্বাচনিক পরিসংখ্যান[সম্পাদনা]

- নির্বাচনী এলাকা: ১৫৩, ময়মনসিংহ-৮ (ঈশ্বরগঞ্জ)
- মোট ভোটার সংখ্যা: ৪,০০,৮১৮ জন (২০১১)
  - পুরুষ ভোটার সংখ্যা - ২,০০,২৭২ জন
  - মহিলা ভোটার সংখ্যা - ২,০০,৫৪২ জন

শিক্ষা[সম্পাদনা]

আরও দেখুন: বাংলাদেশের শিক্ষাব্যবস্থা

শিক্ষা প্রতিবেদন অনুযায়ী পাথরঘাটা উপজেলায় শিক্ষার হার ৪৯.৯%। যার মধ্যে পুরুষের শিক্ষার হার ৫৩.৪% এবং মহিলাদের ৪৬.১%।

১৯১৬ সালে থানা রোডে প্রতিষ্ঠিত ঈশ্বরগঞ্জ বিশ্বেশ্বরী পাইলট উচ্চ বিদ্যালয় ময়মনসিংহ জেলা এবং ময়মনসিংহ (পূর্বে ঢাকা) শিক্ষা বোর্ডের অন্যতম সেরা মাধ্যমিক বিদ্যালয়।[৫] উপজেলার উল্লেখযোগ্য শিক্ষা প্রতিষ্ঠান সমূহের মধ্যে ঈশ্বরগঞ্জ বিশ্বেশ্বরী পাইলট উচ্চ বিদ্যালয়, জাটিয়া উচ্চ বিদ্যালয়, ঈশ্বরগঞ্জ সরকারি কলেজ, মল্লিকপুর লক্ষীগঞ্জ উচ্চ বিদ্যালয় ও চরনিখলা উচ্চ বিদ্যালয় বিশেষভাবে উল্লেখযোগ্য।

উপজেলার শিক্ষা ব্যবস্থা বাংলাদেশের অন্য সব শহরের মতই। সকল মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক বিদ্যালয়গুলো ময়মনসিংহ শিক্ষা বোর্ডের অন্তর্ভুক্ত। বাংলাদেশের শিক্ষাব্যবস্থায় প্রধানত পাঁচটি ধাপ রয়েছে: প্রাথমিক (১ থেকে ৫), নিম্ন মাধ্যমিক (৬ থেকে ৮), মাধ্যমিক (৯ থেকে ১০), উচ্চ মাধ্যমিক (১১ থেকে ১২) এবং উচ্চ শিক্ষা। প্রাথমিক শিক্ষা সাধারণত ৫ বছর মেয়াদী হয় এবং প্রাথমিক বিদ্যালয় সমাপনী পরীক্ষার মাধ্যমে শেষ হয়, ৩ বছর মেয়াদী নিম্ন মাধ্যমিক শিক্ষা সাধারণত নিম্ন মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (জেএসসি), ২ বছর মেয়াদী মাধ্যমিক শিক্ষা মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি), ২ বছর মেয়াদী উচ্চ মাধ্যমিক শিক্ষা সাধারণত উচ্চ মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এইচএসসি) পরীক্ষার মাধ্যমে শেষ হয়।

মূলত বাংলা ভাষায় পাঠদান করা হয় তবে ইংরেজিতে পাঠদানের সুবিধা রয়েছে। অনেক মুসলমান পরিবার তাদের সন্তানদের বিশেষায়িত ইসলামী শিক্ষাপ্রতিষ্ঠান যেমন মাদ্রাসাতে প্রেরণ করেন। তবে অনেক ক্ষেত্রে অমুসলিম শিক্ষার্থীরাও মাদ্রাসায় ভর্তি হয়। মাদ্রাসাগুলোতেও প্রায় একই ধরনের ধাপ

উত্তীর্ণ হতে হয়। উচ্চ মাধ্যমিকে উত্তীর্ণ হওয়ার পর কোন শিক্ষার্থী সাধারণত উচ্চ শিক্ষা প্রতিষ্ঠান যেমন, বিশ্ববিদ্যালয়ে ভর্তি হতে পারে। উচ্চ মাধ্যমিকের পর উচ্চ শিক্ষার জন্য ঈশ্বরগঞ্জ সরকারি কলেজ রয়েছে যা জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীন স্নাতক ও স্নাতকোত্তর ডিগ্রি প্রদান করে।

প্রাতিষ্ঠানিক পরিসংখ্যান[সম্পাদনা]

- মোট প্রাথমিক বিদ্যালয় ১৭৩টি
- কমিউনিটি প্রাথঃ বিদ্যালয় ৭টি
- কিন্ডার গার্ডেন ১২টি
- স্বতন্ত্র এবতেদায়ী মাদ্রাসা ৩২টি
  - উচ্চ মাদ্রাসা সংলগ্ন ২০টি
- কমিউনিটি ৫টি
- এনজিও ২টি
- নিম্ন মাধ্যমিক বিদ্যালয় ৪টি
- ৯ম শ্রেণীর অণুমতি প্রাপ্ত বিদ্যালয় ২টি
- মাধ্যমিক বিদ্যালয় ২৬টি
  - সহশিক্ষা ২৩টি
  - বালিকা ৩টি
- স্কুল এন্ড কলেজ ২টি
- কলেজ ৭টি
  - সরকারী ২টি
  - বেসরকারি ৩ টি (সর্বশেষ: ঈশ্বরগঞ্জ রেসিডেন্সিয়াল মডেল কলেজ)
  - টেকনিক্যাল ১টি (আলীনগর)
  - কারিগরি ১ টি
- কামিল মাদ্রাসা ১টি
  - ফাযিল মাদ্রাসা ১টি
  - আলিম মাদ্রাসা ৩টি
  - দাখিল মাদ্রাসা ২৩টি

উল্লেখযোগ্য শিক্ষাপ্রতিষ্ঠান[সম্পাদনা]

- মল্লিকপুর লক্ষীগঞ্জ উচ্চ বিদ্যালয় (১৯৭৩)
- ঈশ্বরগঞ্জ বিশ্বেশ্বরী পাইলট উচ্চ বিদ্যালয় (১৯১৬)
- চরনিখলা উচ্চ বিদ্যালয় (১৯১৩)
- তারুন্দিয়া জগৎ মেমোরিয়াল উচ্চ বিদ্যালয়
- উচাখিলা উচ্চ মাধ্যমিক বিদ্যালয়
- ঈশ্বরগঞ্জ সরকারি কলেজ (১৯৬৮)
- আলীনগর কারিগরি ও বাণিজ্যিক কলেজ (১৯৯৯)
- ঈশ্বরগঞ্জ বালিকা বিদ্যালয় ও মহিলা কলেজ (১৯১৯)
- আঠারবাড়ি মহিমচন্দ্র উচ্চ বিদ্যালয় (১৯১০)
- বড়হিত উচ্চ বিদ্যালয় (১৯০৯)
- জাটিয়া উচ্চ বিদ্যালয় (১৯১০)
- সোহাগী ইউনিয়ন উচ্চ বিদ্যালয় (১৯৫৫)
- মাইজবাগ পাছপাড়া উচ্চ বিদ্যালয় (১৯৬৩)
- মধুপুর উচ্চ বিদ্যালয়
- ধীতপুর উচ্চ বিদ্যালয়
- ঈশ্বরগঞ্জ ডি.এস. কামিল মাদরাসা (১৯৬৮)

- ধনিয়াকান্দি হামিদিয়া ফাযিল মাদরাসা (১৯৩৩)

পত্র-পত্রিকা ও সাময়িকী[সম্পাদনা]

- অঙ্কুর
- বেঙ্গালটাইমস (অনলাইন)
- উত্তরণ
- প্রস্তুতি
- কলনাদ
- বর্ণমালা
- দুর্নীতি বার্তা (অনলাইন)
- ঈশ্বরগঞ্জ বার্তা
- কাঁচামাটিয়া
- বিকিরণ
- বিশেষ সামাজিক সংগঠন- ঈশ্বরগঞ্জ পরিবার।
- ঈশ্বরগঞ্জ কমিউনিটি

শিল্প-সংস্কৃতি[সম্পাদনা]

শিল্প[সম্পাদনা]

এই উপজেলায় ৫৩৪ ধরনের লোকশিল্প রয়েছে। তন্মধ্যে কুটিরশিল্প, তাঁতশিল্প, লৌহশিল্প, মৃৎশিল্প, ওয়েল্ডিং কারখানা, বাঁশ ও কাঠের কাজ উল্লেখযোগ্য। জারিগান এ অঞ্চলের অতি কাছের যা দেশখ্যাত। এছাড়া বাউল ও যাত্রাগানও প্রচলিত।

সাংস্কৃতিক প্রতিষ্ঠান[সম্পাদনা]

ঈশ্বরগঞ্জ থিয়েটার

- পাঠাগার - ১০+
- ক্লাব - ২১+
- সিনেমা হল - ৩
- খেলার মাঠ - ১৫+

অর্থনীতি[সম্পাদনা]

ঈশ্বরগঞ্জ উপজেলার অর্থনৈতিক কর্মকান্ড মূলত মৎস্য উৎপাদন ও কৃষি নির্ভর। উপজেলার প্রধান রপ্তানিদ্রব্য হচ্ছে ধান, মাছ ও পাট। এ উপজেলা আলু, বেগুন, শশা, মরিচ, কপি জাতীয় ফসলের জন্য বিখ্যাত। এখান থেকে দেশের বিভিন্ন স্থানে ফসলাদি রপ্তানি হয়।

ঈশ্বরগঞ্জ উপজেলার অর্থনৈতিক কর্মকান্ডের পাই চার্ট[২]

কৃষি (৭০.৫২%)

অকৃষি শ্রমিক (৩.৩৮%)

ব্যবসা (১০.২২%)

চাকুরি (৩.৮৪%)

শিল্প (০.৪১%)

নির্মাণ (০.৮৭%)

ধর্মীয় সেবা (০.৩২%)

পরিবহন ও যোগাযোগ (২.৯০%)

রেন্ট আন্ড রেমিটেন্স (০.১৮%)

অন্যান্য (৭.৩৬%)

বাংলাপিডিয়ার তথ্যমতে, উপজেলার ৭০.৫২ শতাংশ জনগোষ্ঠীর আয়ের প্রধান উৎস কৃষি। অন্যান্য অর্থনৈতিক কর্মকাণ্ডের মধ্যে অকৃষি শ্রমিক ৩.৩৮%, ব্যবসা ১০.২২%, চাকরি ৩.৮৪%, নির্মাণ ০.৮৭%, ধর্মীয় সেবা ০.৩২%, শিল্প ০.৪১%, রেন্ট আন্ড রেমিটেন্স ০.১৮%, পরিবহন ও যোগাযোগ ২.৯০% অন্যান্য ৭.৩৬%। গ্রামীণ ও পৌর মিলিয়ে এ অঞ্চলে ৪৭টি হাটবাজার রয়েছে ।

কৃষিভূমির মালিকানা[সম্পাদনা]

ভূমিমালিক ৬৪.৪২%, ভূমিহীন ৩৫.৫৮%। শহরে ৫৩.৮৭% এবং গ্রামে ৬৫.৪২% পরিবারের কৃষিজমি রয়েছে।

নদীনালা ও পানিসম্পদ[সম্পাদনা]

নদীসমূহ[সম্পাদনা]

পুরাতন ব্রহ্মপুত্র নদী

ঈশ্বরগঞ্জ উপজেলায় অনেকগুলো নদী আছে। উল্লেখযোগ্য নদী হচ্ছে পুরাতন ব্রহ্মপুত্র নদী, কাঁচামাটিয়া নদী, মঘা নদী এবং সোয়াইন নদী।[৮][৯] বর্তমানে সীমিত আকারে ব্রহ্মপুত্র নদীর মাধ্যমে একস্থান থেকে অন্যস্থানে মালামাল পার করা হয় এবং ব্রহ্মপুত্র নদীর পানি দ্বারা কৃষিকাজ করা হয়। অধিকন্তু এই নদীতে অনেক মাছ পাওয়া যায়।

হাওর ও খালবিল[সম্পাদনা]

- দীঘা বিল
- সিন্নি বিল
- কাৎলা
- কুমুরিয়া
- ধুবদোল
- হিংগা
- বোউয়ালী
- খৈলাহুরী

আইন ও বিচারকার্য[সম্পাদনা]

থানা[সম্পাদনা]

২জন ইন্সপেক্টর, ৬জন এসআই, ৫জন এএসআই, ১৮জন পুরুষ কনস্টেবল, ৫জন নারী কনস্টেবল, ১জন কনস্টেবল সিডিএমস (কম্পিউটার) অপারেটর, ২জন বেতার কনস্টেবল (অপারেটর), ৪জন ড্রাইভার কনস্টেবল ও ১জন ঝাড়ুদার নিয়ে থানা কার্যালয় পরিচালিত হয়ে আসছে।

উল্লেখিত সময়ে থানায় রুজু হওয়া ০৭টি হত্যা মামলার মধ্যে সব কয়টি মামলার রহস্য উদঘাটন, মাদক উদ্ধার সংক্রান্তে ১২৩টি মামলায় ১৪৩ জন মাদক বিক্রতাকে গ্রেফতার, জঙ্গি দমন, ইভটিজিং ও বাল্যবিবাহ প্রতিরোধ এবং জুয়া প্রতিরোধের মতো ঈশ্বরগঞ্জ থানা পুলিশের অসংখ্য সফলতা রয়েছে। এছাড়াও বিভিন্ন ধরনের গুজব প্রতিরোধে পুলিশ সার্বক্ষণিক ভূমিকা পালন করে যাচ্ছে।

আদালত[সম্পাদনা]

মূল নিবন্ধ: ঈশ্বরগঞ্জ চৌকি আদালত

এখানে রয়েছে ঈশ্বরগঞ্জ চৌকি আদালত। বৃহত্তর ঈশ্বরগঞ্জ (ঈশ্বরগঞ্জ, গৌরীপুর, নান্দাইল ও নেত্রকোণা জেলার অংশবিশেষ) উপজেলার ফৌজদারি মামলা কার্যক্রম পরিচালনা করে। ঈশ্বরগঞ্জ পৌর সদর দত্তপাড়া গ্রামে ১৮৮০ সালে ২ একর ৪২ শতাংশ জমির ওপর তৎকালীন ব্রিটিশ সরকার এই আদালত স্থাপিত হশ। আদালতে তৎকালীন বৃহত্তর ঈশ্বরগঞ্জ (গৌরীপুর ও নান্দাইল), ফুলপুর ও কিশোরগঞ্জের হোসেনপুরের কিছু অংশের দেওয়ানি মোকদ্দমার জন্য চালু হয়। সিনিয়র সহকারী জজ আদালতকে ২০১২ সালে তৎকালীন আইন প্রতিমন্ত্রী যুগ্ম জেলা জজ আদালতে উন্নীত করার ঘোষণা দেন।

ঐতিহাসিক নিদর্শন ও ঐতিহ্য[সম্পাদনা]

- আঠারবাড়ী জমিদার বাড়ি, কবিগুরু রবীন্দ্রনাথ ঠাকুর এখানে ভ্রমণ করেছিলেন। আঠারোবাড়ীর তৎকালীন জমিদার প্রমোদ চন্দ্র রায় চৌধুরীর আমন্ত্রণে ১৯২৬ সালের ১৯ ফেব্রুয়ারি সকালে তিনি ময়মনসিংহ থেকে ট্রেনে করে জমিদার বাড়ি পৌঁছান।
- ভোলশোমা মসজিদ (১৬০০)
- নালুয়া মসজিদ, (১৬২৫)
- রাণী মা এর দিঘি উল্লেখযোগ্য

উল্লেখযোগ্য ব্যক্তিত্ব[সম্পাদনা]

- আশরাফ আলী খান (বীর প্রতীক), মহান মুক্তিযুদ্ধ '৭১
- এডভোকেট জয়নুল আবেদীন জায়েদী, সাবেক সংসদ সদস্য, ঈশ্বরগনঞ্জ আইনজীবি সমিতির সাবেক সভাপতি।
- আবদুল হাই মাশরেকী, বিখ্যাত কথাসাহিত্যিক ও লোককবি
- আশীষ কুমার লোহ চলচ্চিত্র অভিনেতা
- শাহ নুরুল কবীর শাহিন সাবেক সংসদ সদস্য, বিএনপি
- ফখরুল ইমাম, বর্তমান সংসদ সদস্য, মহাজোট
- আব্দুস সাত্তার সাবেক এমপি, আওয়ামীলীগ।

স্বাস্থ্য ও চিকিৎসা[সম্পাদনা]

এ উপজেলায় ৫০ শয্যাবিশিষ্ট একটি উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স রয়েছে। উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ডাক্তারের মঞ্জুরীকৃত পদ সংখ্যা ৩২ টি। কিন্তু ৩৪ জন বর্তমানে কর্মরত আছেন। হাসপাতালের আউটডোর, ইনডোর এবং বহির্বিভাগ চালু রয়েছে। ইমারজেন্সী বিভাগ সার্বক্ষণিক চালু আছে।

উপজেলার ৯৮ ভাগ শিশুকে টিকাদান এবং যক্ষা ও কুষ্ঠ রোগীকে সেবা বিনামুল্যে ঔষধ প্রদানে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স অগ্রণী ভূমিকা রাখছে।

প্রাতিষ্ঠানিক ডেলিভারী বৃদ্ধি করা, হাসপাতালের সেবার মান বুদ্ধি করা ও উপজেলা সকল মানুষের স্বাস্থ্য সেবা নিশ্চিত করার জন্য হাসপাতাল কর্তৃপক্ষ চেষ্টা চালিয়ে যাচ্ছে।

উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স ছাড়াও এখানে ৬টি পরিবার পরিকল্পনা কেন্দ্র, ৯টি উপস্বাস্থ্য কেন্দ্র, ৫২ টি কমিউনিটি চিকিৎসাকেন্দ্র ও ৩টি দাতব্য চিকিৎসা কেন্দ্র রয়েছে।[৯]

ব্যাংক-বীমা ও সমবায়[সম্পাদনা]

ব্যাংক-বীমা[সম্পাদনা]

উপজেলাটিতে ব্র্যাক ব্যাংক, জনতা ব্যাংক, রূপালী ব্যাংক, বাংলাদেশ কৃষি ব্যাংক, সোনালী ব্যাংক, গ্রামীণ ব্যাংক সহ সরকারি-বেসরকারি মিলে ১০টিরও বেশি ব্যাংকশাখা রয়েছে। এছাড়াও কারিতাস , পিপিপি ইত্যাদির শাখা রয়েছে।

মৎস্য ও প্রাণীসম্পদ[সম্পাদনা]

- পুকুর ১৭১০টি
- মৎস্যবীজ উৎপাদন খামার
  - সরকারি - ১টি
  - বেসরকারি - ৬টি
- বাৎসরিক মৎস্যচাহিদা - ৬১৮০ মে.টন
- বাৎসরিক মৎস্য উৎপাদন - ৫৫১৩ মে.টন
- উন্নত মুরগির খামার - ১১টি
- গবাদি পশুর খামার - ৯০টি
- কৃত্রিম প্রজনন কেন্দ্র- ১টি

ধর্ম[সম্পাদনা]

এই উপজেলার অধিকাংশ মানুষ ইসলাম ধর্মাবলম্বী। সুন্নি, ওয়াহাবি ও আহমাদিয়া মুসলিম বিদ্যমান। হিন্দুধর্ম এখানে দ্বিতীয় সংখ্যাগরিষ্ঠ ধর্ম। এছাড়াও খ্রিষ্টান সম্প্রদায়েরও বসবাস রয়েছে এখান। সাম্প্রতিক সময়ে অনিশ্বরবাদীতাও উত্তরোত্তর বৃদ্ধি পাচ্ছে।

- মসজিদ - ১,০৩৬ টি
- মন্দির - ১২টি
- গীর্জা - ২টি

ডাক ও যোগাযোগব্যবস্থা[সম্পাদনা]

পোস্ট অফিস: ৩৩টি, পাকা রাস্তা: ১৪৭ কি.মি., অর্ধপাকা রাস্তা: ৮ কি.মি., কাঁচা রাস্তা: ৩৩৪ কি.মি., ব্রিজ/কালভার্ট: ৪৬৬টি, রেল স্টপেজ : ১টি

আরো দেখুন[সম্পাদনা]

- ঈশ্বরগঞ্জ মুক্ত দিবস
- ঈশ্বরগঞ্জ চৌকি আদালত

তথ্যসূত্র[সম্পাদনা]

১. ↑ *বাংলাদেশ জাতীয় তথ্য বাতায়ন (জুন ২০১৪)। "এক নজরে ঈশ্বরগঞ্জ"। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার। সংগ্রহের তারিখ ১০ জুলাই ২০১৫।*[স্থায়ীভাবে অকার্যকর সংযোগ]

২. ↑ [ঝাঁপ দাও:ক খ গ] *"ঈশ্বরগঞ্জ উপজেলা - বাংলাপিডিয়া"। bn.banglapedia.org। সংগ্রহের তারিখ ২০২০-০১-২৮।*

৩. ↑ *"ইউনিয়নসমূহ - ঈশ্বরগঞ্জ উপজেলা"। iswarganj.mymensingh.gov.bd। জাতীয় তথ্য বাতায়ন। সংগ্রহের তারিখ ২৯ ডিসেম্বর ২০২০।*

৪. ↑ [ঝাঁপ দাও:ক খ গ ঘ ঙ] *"Ishwarganj climate: Average Temperature, weather by month, Ishwarganj weather averages - Climate-Data.org"। en.climate-data.org। সংগ্রহের তারিখ ২০২০-০১-২৮।*

৫. ↑ *"NASA Earth Observations: Rainfall (১ month - TRMM)"। NASA/Tropical Rainfall Monitoring Mission।*

৬. ↑ *"NASA Earth Observations Data Set Index"। NASA।*

৭. ↑ *"বিশ্বেশ্বরী উচ্চ বিদ্যালয়ের শতবর্ষ উদযাপন"। সমকাল (ইংরেজি ভাষায়)। সংগ্রহের তারিখ ২০১৯-০৭-১১।*
৮. ↑ ড. অশোক বিশ্বাস, *বাংলাদেশের নদীকোষ,* গতিধারা, ঢাকা, ফেব্রুয়ারি ২০১১, পৃষ্ঠা ৩৯৯, আইএসবিএন ৯৭৮-৯৮৪-৮৯৪৫-১৭-৯।
৯. ↑ *মানিক মোহাম্মদ রাজ্জাক (ফেব্রুয়ারি ২০১৫)। বাংলাদেশের নদনদী: বর্তমান গতিপ্রকৃতি। ঢাকা: কথাপ্রকাশ। পৃষ্ঠা ৬০৬। আইএসবিএন ৯৮৪-৭০১২০-০৪৩৬-৪।*

ঈশ্বরগঞ্জ উপজেলা

৫. পরিস্থিতি বিশ্লেষণ

উপজেলার খাত ভিত্তিক পরিস্থিতি বিশ্লেষণে প্রতিটি খাতের জনকেন্দ্রিক সমস্যা চিহ্নিত করে তার অবস্থান, পরিমান, কারণ, সমস্যা সমাধানে চলমান কার্যাবলীকে অন্তর্ভূক্ত করা হয়েছে এবং চলমান কার্যাবালি শেষে ৫ বছর পর আর কতটুকু সমস্যা থাকবে তা চিহ্নিত করে উপজেলা পরিষদের সক্ষমতা অনুযায়ী কার্যক্রম গ্রহণে সুপারিশ করা হয়েছে। উপজেলা পরিষদ তার সক্ষমতা অনুযায়ী সুপারিশ থেকে কার্যক্রম গ্রহণ করেছে। অর্থ, বাজেট, পরিকল্পনা ও স্থানীয় সম্পদ আহরন বিষয়ক উপজেলা কমিটি ও টিজিপি পরিস্থিতি বিশ্লেষণে উপজেলা পরিষদকে সহযোগিতা করেছে।

ছক ২ঃ উপজেলার খাতভিত্তিক পরিস্থিতি বিশ্লেষন

খাত	সমস্যাসমূহের বিবরণ				সাম্প্রতিক চলমান ও পরিকল্পিত কার্যাবলি	০১ বছর পর অবশিষ্ট সমস্যা	সমস্যা সমাধানে যে সকল কার্যক্রম গ্রহণ করা যেতে পারে
	সমস্যার ধরণ	অবস্থান	পরিমান/ বিস্তৃতি	কারণ			
স্বাস্থ্য	উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স-এ মানসম্মত সেবা প্রদানে সমস্যা	উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স	সমগ্র উপজেলা	১। ৫০ শয্যা বিশিষ্ট উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স হলেও জনবল এখনও ৩১ শয্যা বিশিষ্ট উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের। ২। স্বাস্থ্য কমপ্লেক্সে পর্যাপ্ত সংখ্যক আসবাবপত্র, চিকিৎসা সরঞ্জামাদি, সিসি ক্যামেরা, পরিচ্ছন্নতা কর্মী নাই। ৩। স্বাস্থ্য কমপ্লেক্সে ড্রেনেজ ব্যবস্থা ও বর্জ্য ব্যবস্থাপনার কোন সুব্যবস্থা নেই। ৪। ডাইনিং রুম না থাকায় রোগী ও তার স্বজনেরা ওয়ার্ডেই খাবার খায় ও পরিবেশ নষ্ট করে। ৫। আগ রোগী ও তাদের স্বজনদের সময় কাটানোর কোন ব্যবস্থা নেই।	কার্যক্রম নেই	উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স-এ আগত ৯০ হাজার রোগী স্বাস্থ্য সেবা হতে বঞ্চিত হবে	১। ৫০ শয্যা বিশিষ্ট স্বাস্থ্য কমপ্লেক্সের জনবল নিয়োগের জন্য উর্দ্ধতন কর্তৃপক্ষ এর দৃষ্টি আকর্ষণ করা যেতে পারে। ২। স্বাস্থ্য কমপ্লেক্সে আসবাবপত্র, চিকিৎসা সরঞ্জামাদি, বেড, নেবুলাইজার মেশিন, গ্লুকোমিটার, বিপি মেশিন, ওটি রুমের যন্ত্রপাতি প্রদানের ব্যবস্থা করা যেতে পারে। ৩। বর্জ্য ব্যবস্থাপনার জন্য পিট নির্মাণ এবং ড্রেনেজ ব্যবস্থা পুনঃ নির্মাণ করা যেতে পারে। ৪। হাসপাতালের বাহিরে একটি গ্যারেজ নির্মাণ করা যেতে পারে। ৫। হাসপাতালে ডাইনিং রুমের ব্যবস্থা করা যেতে পারে। ৬। বসার ও বিনোদনের ব্যবস্থা করা যেতে পারে।

				৬। স্বাস্থ্য কমপ্লেক্সে কর্মরত কর্মকর্তা কর্মচারী এবং আগত রোগী ও স্বজনদের গাড়ী রাখার গ্যারেজ না থাকায় সাইকেল, মোটর সাইকেল, ভ্যান ভিতরে প্রবেশ করার ফলে পরিবেশ নষ্ট হচ্ছে। ৭। রাতের বেলা হাসপাতাল ক্যাম্পাসে পর্যাপ্ত আলোর অভাব বিদ্যমান। ৮। উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের বাইরে কোন টয়লেট নাই ৯। হাসপাতালের জেনারেটর নষ্ট।			৭। নিরাপত্তার নিশ্চিতকরণে সিসি ক্যামেরা এবং হ্যালোজেন লাইট লাগানো যেতে পারে। ৮। হাসপাতারের বাহিরে একটি গণসৌচাগার নির্মাণ করা যেতে পারে। ৯। নতুন জেনারেটর প্রদান করা যেতে পারে।
স্বাস্থ্য	কমিউনিটি ক্লিনিকে আগত রোগীগণ মানসম্মত স্বাস্থ্যসেবা হতে বঞ্চিত হচ্ছে।	ইউনিয়ন ও পৌরসভার জনগণ	১৬টি কমিউনিটি ক্লিনিক	১। ৫২ টি কমিউনিটি ক্লিনিকে নতুন ল্যাপটপ দরকার ২। ৫২ টি কমিউনিটি ক্লিনিকে পর্যাপ্ত সংখ্যক আসবাব পত্র চিকিৎসা সরঞ্জামাদি, সিসি ক্যামেরা নাই। ৩। অধিকাংশ কমিউনিটি ক্লিনিকের ছাদসহ বিল্ডিং নষ্ট। ৪। বাউন্ডারী না থাকায় নিরাপত্তার অভাব রয়েছে। ৫। মাঠ পর্যায় থেকে আসার জন্য পরিবহণ ব্যবস্থা নাই।	কার্যক্রম নেই	৫২ টি কমিউনিটি ক্লিনিকে আগত ৬০ হাজার রোগী স্বাস্থ্য সেবা হতে বঞ্চিত হবে।	১। ৫২ টি কমিউনিটি ক্লিনিকে নতুন উন্নতমানের ল্যাপটপ দেয়া যেতে পারে। ২। ৫২ টি কমিউনিটি ক্লিনিকে পর্যাপ্ত সংখ্যক আসবাবপত্র, চিকিৎসা সরঞ্জামাদি, সিসি ক্যামেরা দেওয়া যেতে পারে। ৩। ছাদসহ বিল্ডিং নষ্ট হওয়া কমিউনিটি ক্লিনিকগুলি পুনঃ নির্মাণ করা যেতে পারে। ৪। নিরাপত্ত নিশ্চিতকরণে বাউন্ডারী নির্মাণ করা যেতে পারে। ৫। মাঠ পর্যায় থেকে উপ-স্বাস্থ্ কেন্দ্রে আসার জন্য এবং ডেলিভারীর ক্ষেত্রে জরুরী প্রয়োজনে পরিবহণ ব্যবস্থা করা যেতে পারে।
পরিবার পরিকল্পনা	উপজেলার গর্ভবর্তী	ঈশ্বরগঞ্জ উপজেলাধী	সমগ্র উপজেলা	১। বাড়ীতে অস্বাস্থ্যকর পরিবেশে অপ্রশিক্ষিত	১। উপজেলা পরিবার পারিকল্পনা দপ্তর ইউনিয়ন	আনুমানিক ১০০০ জন গর্ভবতী মা।	১। গর্ভবতী মা ও তার পরিবারকে প্রাতিষ্ঠানিক নরমাল ডেলিভারীল

	মায়েরা ও নবজাতকসমূহ মৃত্যূ ঝুঁকির মধ্যে আছে।	ন ১১ টি ইউনিয়নের ৯৯ ওয়ার্ডে।		ধাত্রী/নার্সদ্বারা বাচ্চা প্রসব করা। ২। উপজেলার গর্ভবর্তী মায়েদের গর্ভকালীন স্বাস্থ্যশিক্ষা ও প্রতিষ্ঠানিক নরমাল ডেলিভারীর সুফলের ব্যাপারে অবগত নন। ৩। ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণকেন্দ্রসমূহে যন্ত্রপাতি ও সরঞ্জামাদির অভাবে নরমাল ডেলিভারী চালু নেই। ৪। পর্যাপ্ত সংখ্যক প্রশিক্ষিত ধাত্রী/দাই, নার্সের অভাব।	পর্যায়ে ১১টি ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবাার পরিকল্পনা কেন্দ্র ও ৫০ জন স্বাস্থ্যকর্মীর মাধ্যমে গর্ভবতীদের স্বাস্থ্যসেবা প্রদান করছে।		সুবিধা ও গর্ভবতীর জটিলতা সর্ম্পকে অবহিত করতে ইউনিয়ন পর্যায়ে আগামী পাঁচ বছরে ৪০ টি অবহিতকরন ক্যাম্পইন/ উঠান বৈঠক/ পরিবার সমাবেশ পরিচালনা করা যেতে পারে। ২। ১১ টি ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কেন্দ্রসমূহ ও উপজেলা পরিবার পরিকল্পনা দপ্তরের অপারেশন থিয়েটার রুমের মানসম্মত প্রয়োজনীয় সরঞ্জামাদি ও যন্ত্রপাতি প্রদান করা যেতে পারে। ৩। ১৫ জন সিএসবি/দাই নার্সকে স্বাস্থ্যকেন্দ্রসমূহে প্রাতিষ্ঠানিক নরমাল ডেলিভারী প্রদান বিষয়ে প্রশিক্ষণ প্রদান করা যেতে পারে।
পরিবার পরিকল্পনা	উপজেলর দরিদ্র ও প্রত্যন্ত এলাকায় বসবাসরত কিশোর-কিশোরীরা স্বাস্থ্য ঝুঁকির মধ্যে রয়েছে।	ঈশ্বরগঞ্জ উপজেলা ১১ টি ইউনিয়ন	উপজেলার ১১টি ইউনিয়ন ও ০১টি পৌরসভায় বসবাসরত কিশোর-কিশোরীরা	১। উপজেলায় তৃণমূল পর্যায়ে স্বাস্থ্য শিক্ষা বিষয়ক কোন প্রোগ্রাম চালু না থাকায় স্বাস্থ্যশিক্ষার ব্যাপারে সঠিক ও যথেষ্ট পরিমানে জ্ঞান নেই। ২। শিক্ষার অভাবে ও ধর্মীয় কুসংস্কারের কারনে জনগনের মাঝে স্বাস্থ্যসেবা বিষয়ক সঠিক জ্ঞান নেই।	উক্ত উপজেলায় বিভিন্ন ওয়ার্ডে মাসে ৪০ টি স্যাটেলাইট সম্পাদিত হয় কিন্তু প্রশিক্ষক ও অর্থাভাবে স্বাস্থ্যশিক্ষা কর্মসূচী চালু করা যায় নাই।	উপজেলার ১১ টি ইউনিয়ন ও ০১টি পৌরসভায় বসবাসরত কিশোর-কিশোরীরা	১। কিশোর-কিশোরীদের ব্যক্তিগত পরিস্কার-পরিচ্ছন্নতা, প্রজনন স্বাস্থ্য, পুষ্টি, বাল্যবিবাহের কুফল সম্পর্কে অবহিত করতে ইউনিয়ন পর্যায়ে আগামী ০৫ বছর ৪০ টি অবহিতকরণ ক্যাম্পেইন/উঠান বৈঠক, স্কুলে স্বাস্থ্য শিক্ষা, কিশোর-কিশোরীদের সমাবেশ পরিচালনা করা যেতে পারে। ২। ৪০ স্যাটেলাইটে কিশোর-কিশোরীদের মাঝে স্বাস্থ্য শিক্ষা প্রোগ্রাম চালু করতে দক্ষ প্রশিক্ষক তৈরী করা যেতে পারে।
জনস্বাস্থ্য	শতভাগ স্বাস্থ্যসম্মত স্যানিটেশন ও নিরাপদ পানির	সমগ্র উপজেলা	সমগ্র উপজেলা	উৎখাতের ডাটাবেজ থাকলে প্রকৃত সমস্যা সম্মিলিত পরিবার নিরাপদ পানি ও স্যানিটেশনের আওতায় আসবে।	১। সমগ্র দেশ নিরাপদ পানি সরবরাহ প্রকল্প। ২। পল্লী অঞ্চলে পানি সরবরাহ প্রকল্প	ক্ষেতলাল উপজেলায় বর্তমানের স্যানিটেশন কভারেজ ৯৬% আগামী পাঁচ	১। উপজেলার ল্যাট্রিনবিহীন দরিদ্র পরিবারগুলোর মাঝে ল্যাট্রিন স্থাপন করে দেয়া/ল্যাট্রিন স্থাপন করতে সহায়তা প্রদান করা যেতে পারে।

	ব্যবস্থা নিশ্চিতের জন্য একটি সফল জরিপের প্রয়োজন।				৩। অগ্রাধিকারমূলক গ্রামীন পানির সরবরাহ প্রকল্প ৪। পিইডিপি-৪ (ওয়াশব্লক, টিএসপি)	বছরে স্বাস্থ্য সম্মত ল্যাট্রিন ব্যবহারকারী এবং নিরাপদ পানি ব্যবহারকারী পরিবারের সংখ্যা ১০০% এ উত্তীর্ণ করার পরিকল্পনা গ্রহণ করা হয়েছে।	২। নলকূপবিহীন পরিবারের মাঝে নলকূপ স্থাপন করা যেতে পারে। ৩। সকল মাধ্যমিক বিদ্যালয় ও ম মাদ্রাসায় ওয়াশ ব্লক নির্মান করা যেতে পারে।
মাধ্যমিক শিক্ষা	১। ভৌত অবকাঠামো ২। চেয়ার টেবিল ও বেঞ্চ ৩। মেয়েদের কমনরুম ও ওয়াশরুম	৩৬ টি বিদ্যালয়	সমগ্র উপজেলা	১। মাধ্যমিক বিদ্যালয়ে শিক্ষার উপযুক্ত পরিবেশের অভাব রয়েছে। ২। বিদ্যালয়সমূহে জরাজীর্ণ দুর্বল অবকাঠামো, শ্রেণীকক্ষ সংকট। ৩। ছাত্র-ছাত্রীদের জন্য স্বাস্থ্যসম্মত পৃথক স্যানিটেশনের ব্যবস্থা নাই। ৪। বিদ্যালয়সমূহে প্রয়োজনীয় আসবাবপত্র, মাল্টিমিডিয়া প্রোজেক্টর বৈজ্ঞানিক যন্ত্রপাতির অভাব। ৫। দরিদ্র ও মেয়ে শিক্ষার্থীদের মাঝে শিক্ষা উপকরণের অভাব। ৬। মাধ্যমিক পর্যায়ের মেয়ে শিক্ষার্থীদের বাল্য বিবাহ। ৬। শিক্ষার্থী সংখ্যা বেশি	আইসিটি ল্যাব স্থাপন প্রশিক্ষণ গ্রহণ	১। শিক্ষার সুষ্ঠু পরিবেশ হবে ২। শিক্ষার গুনগত মান পরিবর্তন হবে।	১। পর্যাপ্ত ভবন নির্মাণ/বিদ্যমানভবনগুলোকে বহুতল করা যেতে পারে। ৩। পর্যাপ্ত আইসিটি ল্যাব স্থাপন করা যেতে পারে। ৪। মেয়েদের কমনরুম ও ওয়াশরুমের ব্যবস্থা করা যেতে পারে। ৫। প্রতি শিক্ষা প্রতিষ্ঠানে শহীদ নির্মাণ করা যেতে পারে। ৬। আসন সংকুলানের জন্য পর্যাপ্ত সংখ্যক বেঞ্চ সরবরাহ করা যেতে পারে।
মাধ্যমিক শিক্ষা	নিম্ন মাধ্যমিক ও মাধ্যমিক পর্যায়ে অধ্যয়নরত শিক্ষার্থীদের আধুনিক শিক্ষা	অত্র উপজেলার ৪৩ টি বিদ্যালয়, ১৯ টি মাদ্রাসা ও	২৪০ জন শিক্ষক ও ৭১ জন কর্মচারী	১। ইংরেজী, গনিত বিজ্ঞান এবং আইসিটির বিষয়ে শিক্ষকগণ পর্যাপ্ত প্রশিক্ষণ পান না বিধায় তাদের দক্ষতার অভাব রয়েছে। ২। কর্মচারীরা নথি ব্যবস্থাপনার বিষয়ে কোন প্রশিক্ষণ পান না।	কার্যক্রম নেই।	২৪০ জন শিক্ষক আধুনিক শিকা পদ্ধতি ও ৭১ জন কর্মচারীর নথি ব্যবস্থাপনা ও আইসিটির উপর	১। উপজেলা পরিষদ ২৪০ জন শিক্ষকের ইংরেজী, গনিত বিজ্ঞান এবং আইসিটির বিষয়ে প্রশিক্ষণের ব্যবস্থা করা যেতে পারে। ২। ৭১ জন কর্মচারীর নথি ব্যবস্থাপনার উপর প্রশিক্ষণের ব্যবস্থা

	পদ্ধতি (বিজ্ঞান, ইংরেজী ও গনিত) বিষয়ে ধারনা কম	৮ টি কলেজ				ধারনা কম।	করা যেতে পারে।
প্রাথমিক শিক্ষা	প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষার্থীদের বিদ্যালয়ে মানসম্মত, আধুনিক ও আনন্দায়ক পরিবেশে শিক্ষা গ্রহণ ব্যাহত হচ্ছে।	অত্র উপজেলার ১৪৫টি সরকারী প্রাথমিক বিদ্যালয়	৪৫,০০০ জন শিক্ষার্থী	১। প্রাথমিক বিদ্যালয়সমূহে জরাজীর্ণ অবস্থা ও পর্যাপ্ত পরিমানে শ্রেণিকক্ষ, আসবাবপত্র, স্বাস্থ্যসম্মত টয়লেট, খেলাধুলার সরঞ্জামাদি এবং ছাত্র-ছাত্রীদের মাঝে শিক্ষা উপকরণের অভাব। ২। পর্যাপ্ত পরিমানে আইসিটি প্রশিক্ষণ প্রাপ্ত শিক্ষক ও ডিজিটাল কন্টেন্ট মাধ্যমে পাঠদান উপযোগী শ্রেণিকক্ষের সংকট। ৩। বিদ্যালয় ব্যবস্থাপনা কমিটির সদস্যদের বিদ্যালয়ের ব্যবস্থাপনার বিষয়ে পর্যাপ্ত ধারণা নেই।	১। পিইডিপি-৪ এর আওতায় ২০১৯-২০ অর্থ বছরে ৬ টি বিদ্যালয়ে ভবন নির্মাণ কাজ চলমান। ২। পিইডিপি-৪ এর আওতায় বিদ্যালয় ভবন মেরামতের জন্য ২০১৯-২০ অর্থ বছরে বিদ্যালয় প্রতি ২ লক্ষ টাকা করে ১৮ টি বিদ্যালয় মেরামতের চাহিদা প্রেরণ করা হয়েছে। ১ লক্ষ ৫০ হাজার টাকা করে ১২ টি । ৪০ হাজার টাকা করে ২৯ টি বিদ্যালয়ে রুটিন মেইনটেন্যান্স। ১ লক্ষ ৫০ হাজার টাকা করে প্লেয়িং এক্সসরিস ৫ টি বিদ্যালয়ে প্রদান করা হয়েছে। ৩। স্লিপ-এর মাধ্যমে পাঠদান উন্নয়নে ৪৭ টি বিদ্যালয়ের প্রতিটিতে ৫০-৭০ হাজার টাকা প্রদান করা হয়েছে। ৪। ২০১৯-২০ অর্থ বছরে ১০ টি বিদ্যালয়ে খেলাধুলার সামগ্রী প্রদানের চাহিদা প্রেরণ করা হয়েছে। ৫। ২০১৮-১৯ অর্থ বছরে রাজস্ব খাতের মাধ্যমে ১.৫ লক্ষ টাকা করে ১৯ টি বিদ্যালয় মেরামত করা	৪৫,০০০ জন শিক্ষার্থী	১। ১টি বিদ্যালয়ে ডিজিটাল কনন্টেট-এ পাঠদান উপযোগী শ্রেণিকক্ষ সজ্জিতকরণ ও মাল্টিমিডিয়া ক্লাশ রুম তৈরী করা হয়েছে। ২। ১৭৩ জন শিক্ষককে ডিজিটাল কনন্টেট-এর বিষয়ে প্রশিক্ষণ প্রদান ও বিদ্যালয় ব্যবস্থাপনা কমিটির সদস্যদের বিদ্যালয় ব্যবস্থাপনার উপর প্রশিক্ষণ প্রদান করা যেতে পারে। ৩। অবশিষ্ট ৪২ টি বিদ্যালয়ে খেলাধুলার সামগ্রী (দোলনা, স্লিপার, ব্যালেন্সার ইত্যাদি) প্রদান করা যেতে পারে। ৪। ৪৭ টি বিদ্যালয়ে আসবাবপত্র (বেঞ্চ, আলমারী, টেবিল, চেয়ার ইত্যাদি) প্রদান করা যেতে পারে। ৫। ৪৭ টি বিদ্যালয়ের শিক্ষার্থীদের মাঝে শিক্ষা উপকরণ (ব্যাগ, জ্যামিতি বক্স, রং পেন্সিল, পানির পট, স্কেল, ছাতা, বিদ্যালয়ের ইউনিফর্ম ইত্যাদি) প্রদান করা যেতে পারে। ৬। ৪৭ টি বিদ্যালয়ে সোলার প্যানেল স্থাপন করা যেতে পারে। ৭। ১৮টি বিদ্যালয়ে ভবন মেরামত করা যেতে পারে। ৮। ৪৭ টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ের ব্যবস্থাপনা কমিটির সদস্যদের প্রশিক্ষণ প্রদান করা যেতে

					হয়েছে। ৬। ২০১৮-১৯ অর্থ বছরে পিইডিপি-৪ এর আওতায় ৪০,০০০ টাকা করে ২৯ টি বিদ্যালয় মেরামত করা হয়েছে। ৭। ২০১৮-১৯ অর্থ বছরে ১০,০০০ টাকা করে ৩ টি বিদ্যালয়ের ৬ টি ওয়াশ ব্লক রুটিন মেইনটেনেন্স করা হয়।		পারে।
কৃষি	উপজেলার কৃষকরা কৃষি উৎপাদন হতে আর্থিকভাবে কম লাভবান হচ্ছেন	ঈশ্বরগঞ্জ উপজেলার ১১ টি ইউনিয়ন	সমগ্র উপজেলার কৃষি পরিবার	১। আধনিক কৃষি প্রযুক্তি, মাটির স্বাস্থ্য, সুষম সারের ব্যবহার বিষয়ে কৃষকদের জ্ঞান ও ধারনা কম থাকা। ২। আধুনিক কৃষি যন্ত্রপাতি (পাওয়ার টিলার, ট্রান্সপ্ল্যান্টার, রিপার, ফুট পাম্প, ফিতা পাইপ ইত্যাদি) ক্রয়ে কৃষকের মূলধনের অভাব। ৩। পাকা সেচ নালা না থাকার দরুন সেচের ৩০% পানি অপচয় হচ্ছে এবং বিদ্যুৎ ও ডিজেল খরচ বৃদ্ধি পাচ্ছে।	১। আধুনিক কলাকৌশল এর মাধ্যমে কৃষক পর্যায়ে উন্নতমানের ধান, গম ও পাট বীজ উৎপাদন প্রকল্প-এর মাধ্যমে প্রকল্পভূক্ত এলাকায় ১৩ টি দলে মোট ১৯৫ জন কৃষক আধুনিক কলাকৌশল প্রয়োগের মাধ্যমে ব্লক (Compact) আকারে উন্নতমানের ধান, গম ও পাট বীজ উৎপাদন বিষয়ে প্রশিক্ষণ প্রদান করা হয়। ২। কৃষক পর্যায়ে উন্নতমানের ডাল, তেল ও মসলা বীজ উৎপাদন প্রকল্প-এর মাধ্যমে প্রকল্পভূক্ত এলাকায় ৫ টি দলে মোট ২০ জন কৃষক আধুনিক কলাকৌশল প্রয়োগের মাধ্যমে ব্লক (Compact) আকারে উন্নতমানের ডাল, তেল ও মসলা বীজ উৎপাদন বিষয়ে	১৯৮৭৪ জন কৃষক পরিবার প্রশিক্ষণ পাবে না	১। ৪০০ টি কৃষক পরিবারকে জৈব সার উৎপাদনের জন্য প্রশিক্ষণ প্রদানের ব্যবস্থা করা যেতে পারে। ২। পরিবেশ বান্ধব আধুনিক কৃষি প্রযুক্তি ব্যবহারের মাধ্যমে বিষমুক্ত নিরাপদ খাদ্য উৎপাদনে ১৬০০ কৃষক/কৃষানীদের প্রশিক্ষণ প্রদানের ব্যবস্থা করা যেতে পারে। ৩। উপজেলার বিভিন্ন কৃষক দলের মাঝে (পাওয়ার স্প্রেয়ার, ফুট পাম্প ও ফিতা পাইপ ইত্যাদি) প্রদান করা যেতে পারে। ৪। ১০০০ মিটার সেচ নালা পাকা করার ব্যবস্থা করা যেতে পারে।

					প্রশিক্ষণ প্রদান করা হবে। ৩। আইএফএমসি-২ প্রকল্পের মাধ্যমে ৭৫০ জন কৃষক/কৃষাণীকে কৃষক মাঠ স্কুলের মাধ্যমে হাতে কলমে কৃষি, প্রাণী ও মৎস্য বিষয়ে প্রশিক্ষণ প্রদান করা হচ্ছে। ৪। আইপিএম স্কুলের মাধ্যমে নিরাপদ ফসল উৎপাদন বিষয়ে ১০০০ জন কৃষক-কৃষাণীকে প্রশিক্ষণ প্রদান করা হচ্ছে। ৪। রাজস্ব প্রকল্পের আওতায় ১৭৭ জন কৃষককে বিভিন্ন সরিষা, গম, ভুট্টা, বিটি বেগুন, পেঁয়াজ, আলু, বোরো ধান, আউশধান ও রোপা আমন ধান চাষাবাদের বিষয়ে প্রশিক্ষণ প্রদান করার প্রক্রিয়া চলমান। ৬। আধুনিক প্রযুক্তি সম্প্রসারণের মাধ্যমে ময়মনসিংহ বিভাগের কৃষি উন্নয়ন প্রকল্পের আওতায় ২৫০ জন কৃষককে বিভিন্ন ফসল চাষাবাদে প্রশিক্ষণ প্রদান করা হবে। ৭। লেবু জাতীয় ফসলের সম্প্রসারণ ব্যবস্থাপনা ও উৎপাদন বৃদ্ধি প্রকল্পের আওতায় ৪৫০ জন কৃষককে মাল্টা, কমলা, লেবু ও বাতাবী লেবু চাষাবাদ বিষয়ে প্রশিক্ষণ প্রদান করা হবে।		

					৮। খামার যান্ত্রিকীকরণের মাধ্যমে ফসল উৎপাদন বৃদ্দি প্রকল্পের আওতায় বরাদ্দ মাফিক অগ্রাধিকার প্রাপ্ত তালিকা হতে কৃষকদের মাঝে ৫০% ভূর্তকীতে উন্নয়ন সহায়তায় আধুনিক কৃষি যন্ত্রপাতি বিতরণ করা হবে।		
কৃষি	সংরক্ষনাগার ব্যবহারের অযোগ্য এবং সীমানা প্রাচীর নাই।			ব্যবহারের অযোগ্য	উপজেলা প্রকৌশলীর নিকট হতে ঈশ্বরগঞ্জ বীজ সংরক্ষনাগার মেরামত বাবদ প্রাথমিকভাবে কত টাকা ব্যয় হবে তার একটা ধারনা নেয়া হয়েছে।	বীজ সংরক্ষণ করে রাখা যাবে।	উপজেলা পরিষদ তহবিল/এডিপি থেকে মেরামতের ব্যবস্থা করা যেতে পারে।
প্রাণিসম্পদ	উপজেলার গবাদী পশুপাখি পালনকারি পরিবারগণ আর্থিকভাবে ক্ষতির সম্মুখীন হচ্ছেন	উপজেলা সকল ইউনিয়ন তবে ১১ টি ইউনিয়ন	২৯৮০৫টি পরিবারের ১৯৫৮৪২ টি গবাদি পশু ও ৪১০৭৬৪ টি গবাদি পাখি।	১। গবাদি পশুপাখিকে পর্যাপ্ত পরিমানে সঠিক সময়ে কৃমিনাশক ও টিকা প্রদান না করার কারণে প্রতি বছর প্রচুর সংক্যক গবাদি পশুপাখি বিভিন্ন রোগজনিত কারনে বিশেষতঃ গরু ও মহিষের ক্ষুরা রোগ ছাগল ও ভেড়ার পিপিআর রোগ ও দেশী মুরগী রানীক্ষেত রোগে মারা যায়। ২। গবাদি পশুর কৃমিনাশক প্রয়োগ, ভ্যাক্সিনেশন ও পালন পদ্ধতি বিষয়ে পশুপাখি পালনকারিদের ব্যবহারিক জ্ঞানের অভাব।	উপজেলা প্রাণিসম্পদ অফিস হতে ৭১৬২৭ টি গবাদিপশুর জন্য বার্ষিক ৫০১৩৮৯ ডোজ টিকার চাহিদার বিপরীতে প্রতি বছর মাত্র ২৩২৩৬ ডোজ করে টিকা প্রদান করা হচ্ছে। ২৯৪০০০ টি দেশি হাঁস, মুরগী, কবুতরের রানীক্ষেত রোগের জন্য বছরে ১১৭৬০০০ ডোজ চাহিদার বিপরীতে প্রতি বছর ৮৪৯০০০ ডোজ প্রদান করা হচ্ছে এবং ১১৬৭৬৪ টি দেশি হাঁসের ডাকপ্লেগ রোগের জন্য বছরে ২৩৩৫২৮ ডোজ চাহিদার বিপরীতে প্রতি বছর ৪৪০০০ ডোজ প্রদান করা হচ্ছে	৩৫৮১৩৫ টি গবাদিপশুর জন্য ৫ বছরে ২৫০৬৯৪৫ ডোজ টিকার প্রয়োজন হবে। ৫৮৩৮২০ টি দেশি মুরগী, ও কবুতরের রাণীক্ষেত রোগের জন্য ৫ বছরে ৫৮৮০০০০ ডোজ টিকার প্রয়োজন এবং৫৮৩৮২০ টি দেশি হাসের ডাকপ্লেগ রোগের জন্য ১১৬৭৪০ ডোজ টিকার প্রয়োজন হবে।	১। উপজেলা পরিষদ হতে ৩৫৮১৩৫টি গবাদি পশুর বিভিন্ন রোগের প্রতিষোধক ও প্রয়োজনীয় উপকরণ প্রদান করা যেতে পারে। ২। ৩৫৮১৩৫ গরু, ছাগল ও ভেড়ার কৃমিনাশক, ক্ষুরা রোগের প্রতিষেধক ও প্রয়োজনীয় উপকরণ প্রদান করা যেতে পারে। ৩। ৪ লক্ষাধিক দেশী মুরগী, হাঁস ও কবুতরের টিকা প্রদানের জন্য ৫৪ জন (প্রতি ওয়ার্ডে ১ জন) টিকা কর্মীর প্রশিক্ষণ ও প্রতিষেধক সরবরাহের ব্যবস্থা করা যেতে পারে।
	প্রশিক্ষণের	উপজেলার	ডেইরী ৮৯০	গবাদিপশু পাখি পালনকারীদের	সাম্প্রতিক সময়ে যতগুলো	৮৯০ জন ডেইরি	উপজেলা পরিষদ থেকে প্রশিক্ষণ

	অভাব	১১টি ইউনিয়ন	জন পোল্ট্রি ১৪৩২ জন	ব্যবহারিক জ্ঞানের অভাব।	খামারী আছে এদেরকে প্রশিক্ষণ প্রদান করা প্রয়োজন।	খামারীদের বছরে একবার এবং ১৪৩২ পোল্ট্রি খামারিদের বছরে একবার।	আয়োজন করা যেতে পারে।
	ঈশ্বরগঞ্জ কৃত্রিম প্রজনন স্বেচ্ছাসেবী পয়েন্ট ব্যবহার অযোগ্য এবং সীমানা প্রাচীর নেই।	গণমঙ্গল	০.০৬ একর	ব্যবহার অযোগ্য	উপজেলা পরিষদের সাধারণ সভায় প্রস্তাবনা উপস্থাপন করা হয়েছে।	সংশ্লিষ্ট ইউনিয়নের ৭২৩৭ টি পরিবার সহজে প্রাণিসম্পদ সেবা পাবে।	উপজেলা পরিষদ রাজস্ব/এডিপি তহবিল থেকে মেরামতের ব্যবস্থা করা যেতে পারে।
	ঈশ্বরগঞ্জ কৃত্রিম প্রজনন স্বেচ্ছাসেবী পয়েন্ট ব্যবহার অযোগ্য এবং সীমানা প্রাচীর নেই।	ঈশ্বরগঞ্জ	০.০৮ একর	ব্যবহার অযোগ্য	উপজেলা পরিষদের সাধারণ সভায় প্রস্তাবনা উপস্থাপন করা হয়েছে।	সংশ্লিষ্ট ইউনিয়নের ৫৭৪৫ টি পরিবার সহজে প্রাণিসম্পদ সেবা পাবে।	উপজেলা পরিষদ রাজস্ব/এডিপি তহবিল থেকে মেরামতের ব্যবস্থা করা যেতে পারে।
মৎস্য	মৎস্য খাদ্যের মূল্য বৃদ্ধি হওয়ায় মাছ চাষে উৎপাদন খরচ বৃদ্ধি পাচ্ছে	উপজেলার সকল ইউনিয়ন	১১২০ জন মৎস্য চাণী	১। মৎস্য খাদ্যের মূল্য বৃদ্ধি পাচ্ছে ফলে মাছের উৎপাদন খরচ বৃদ্ধি পাওয়ায় মাছ চাষে চাষিরা আগ্রহ হারিয়ে ফেলছে। ২। কারিগরি জ্ঞানের স্বল্পতার জন্য মৎস্য চাষীরা আধুনিক পদ্ধতিতে মাছ চাষ করে অধিকহারে উৎপাদন করতে সক্ষম হচ্ছে না।	ময়মনসিংহ বিভাগে মৎস্য সম্পদ উন্নয়ন শীর্ষক প্রকল্পের মাধ্যমে ১১০ জন মৎস্য চাষীকে মাছ চাষের প্রশিক্ষণ প্রদান করা হচ্ছে।	১১২০ জন মৎস্য চাষীকে প্রশিক্ষণ দেয়া সম্ভব হচ্ছে না।	১। মৎস্য খাদ্য বৃদ্ধিরোধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা যেতে পারে। ২। ২০০ জন মৎস্য চাষীর স্বল্প মেয়াদী মাছ চাষের প্রশিক্ষণের ব্যবস্থা করা যেতে পারে। ৩। ১১২০ জন মৎস্য চাষীর মাঝে দল ভিত্তিক বিভিন্ন উপকরণ (এরেটর, পিলেট মেশিন, জাল, পাম্প ইত্যাদি) প্রদান করা যেতে পারে।
মহিলা বিষয়ক	উপজেলার হতদরিদ্র, বিধবা, প্রতিবন্ধী, তালাকপ্রাপ্তা,	উপজেলা সকল ইউনিয়ন	আনুমানিক ৬০০০ জন নারী	১। প্রয়োজনীয় জ্ঞান, দক্ষতা ও শিক্ষার অভাব। ২। দারিদ্র্যতার কারণে নারীরা বেসরকারি প্রশিক্ষণ প্রতিষ্ঠান হতে প্রশিক্ষণ নিতে পারেন না।	উপজেলা মহিলা বিষয়ক কার্যালয় কর্তৃক পরিচালিত 'মহিলা প্রশিক্ষণ কেন্দ্র" ও উপজেলা পর্যায়ে মহিলাদের আয়বর্ধক প্রশিক্ষণ প্রকল্প" এর	৩০০০ জন নারী কর্মসংস্থানের সুযোগ হতে বঞ্চিত হবেন।	১। ৪০০ জন নারীর কর্মসংস্থান সৃষ্টির জন্য বিভিন্ন ট্রেডে প্রশিক্ষণের ব্যবস্থা করা যেতে পারে। ২। প্রশিক্ষণার্থীদের সুবিধার্থে উপজেলা মহিলা বিষয়ক কার্যালয়ে

	স্বামী পরিত্যাক্তা নারীদের কর্মসংস্থানের অভাব রয়েছে।			৩। উপজেলা মহিলা বিষয়ক কার্যালয়ে জলাবদ্ধতা, অবকাঠামো সম্যসা, আসবাবপত্র সংকটের কারণে সীমিত সংখ্যক নারীদের প্রশিক্ষণ প্রদান করা সম্ভব হলেও অন্যান্য ট্রেডে প্রশিক্ষণ প্রদান করা যাচ্ছে না। ৩। মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়ের বর্তমান ভবনটি সংস্কার অভাবে নষ্ট হয়ে যাচ্ছে যার র কারণে দরিদ্র মহিলাদরে জন্য সরকার কর্তৃক পরিচালিত বিভিন্ন কার্যাক্রম ব্যহত হচ্ছে।	মাধ্যমে প্রতি বছর ১২০ জন মহিলাকে দর্জি বিজ্ঞান ও বিউটিফিকেশন ট্রেডে প্রশিক্ষণ প্রদান করা হচ্ছে।		প্রয়োজনীয় অবকাঠামো নির্মাণ, সরঞ্জামাদি ও আসবাবপত্র প্রদান করা যেতে পারে। ৩। মহিলা বিষয়ক কার্যালয়ের বর্তমান ভবনটি সংস্কার/অন্যত্র অফিস স্থানান্তর করা যেতে পারে।
যোগাযোগ	জনগণ উপজেলার বিভিন্ন পরিষেবাগুলোতে গমনের ক্ষেত্রে সমস্যার সম্মুখীন হচ্ছে।	উপজেলার সকল ইউনিয়ন	১। ৫.৩৯ কি.মি (০৩ টি) উপজেলা সড়ক ১.৬৬ কি.মি (০২ টি) ইউনিয়ন ও ২২৮.১৫ কি.মি (১৪৭টি) গ্রামীণ সড়ক কাঁচা।	১। উপজেলা ৫.৩৯ কি.মি (০৩ টি) উপজেলা সড়ক ১.৬৬ কি.মি (০২ টি) ইউনিয়ন ও ২২৮.১৫ কি.মি (১৪৭টি) গ্রামীণ সড়ক কাঁচা হওয়াতে উপজেলার বিভিন্ন গুরুত্বপূর্ণ পরিষেবাগুলো (স্কুল, কলেজ, হাসপাতাল, ধর্মীয় প্রতিষ্ঠান, হাট-বাজার, গ্রোথ সেন্টার ইত্যাদি) যাতায়াতের ক্ষেত্রে জনগণ দুর্ভোগের শিকার হচ্ছে। ২। উপজেলার গুরুত্বপূর্ণ ইউনিয়ন ও গ্রামীণ সড়কসমূহের পার্শ্বে পানি নিষ্কাশনের ড্রেন ও কার্লভাট না থাকারয় সড়কে জলাবদ্ধতা তৈরী হচ্ছে এবং গাইডওয়াল না থাকায় সড়ক ভেঙে যাচ্ছে এবং সড়কের স্থায়িত্ব কমে যাচ্ছে।	১। জনগুরুত্বপূর্ণ অবকাঠামো উন্নয়ন প্রকল্প-৩ (IRIDP-3)-এর মাধ্যমে আনুমানিক ০৪ কি.মি ইউনিয়ন ও গ্রামীণ সড়ক নির্মান করা হবে। ২। গ্রামীণ অবকাঠামো উন্নয়ন প্রকল্প-২ (RDRIDP) এর মাধ্যমে আনুমানিক ০৮ কি.মি ইউনিয়ন ও গ্রামীণ সড়ক নির্মাণ করা হবে। ৩। পল্লী সড়ক ব্রীজ/কালর্ভাট মেরামত কর্মসূচী (GOBM)এর আওতায় আনুমানিক ১০কি.মি সড়ক সংস্কার করা হবে। ৪। রুরাল কমিউনিটি ইমপ্রুভমেন্ট প্রজেক্ট (RCIP)-এর আওতায় ৫.৫৭ কি.মি গ্রামীণ সড়ক মেরামত করা	৪০৭ কি.মি গ্রামীণ সড়ক কাঁচা থেকে যাবে।	১। ১০ কি.মি সংযোগকারী সড়ক উন্নয়ন (এইচবিবি/আরসিসি) করা যেতে পারে। ২। ২৫০০ মিটার গাইডওয়াল ও ২৫০০ মিটার ড্রেন নির্মান করা যেতে পারে। ৩। বিভিন্ন গ্রামীণ সড়কে ২৪ টি কার্লভাট নির্মাণ করা যেতে পারে। ৪। বিভিন্ন গ্রামীণ সড়কে চাহিদামাফিক সোলার বাতি প্রদান করা যেতে পারে।

					হবে। ৫। নবিদেব প্রকল্পের আওতায় ৯ কি.মি সড়ক সংস্কারের কাজ চলমান আছে।		
সমবায়	উপজেলার আশ্রয়ন প্রকল্পে সমূহে বসবাসরত পরিবার সমূহের ঋনেন পরিমান বৃদ্ধি পাচ্ছে।	ঈশ্বরগঞ্জ উপজেলাধীন ৯টি আশ্রয়ন প্রসঙ্গে	৫১০ পরিবার	১। নির্দিষ্ট ফোন ট্রেডে প্রশিক্ষিত না হওয়ায় পরিবার সমূহ ঋণের সঠিক ব্যবহার করছে না। ২। পরিবারের সদস্য বৃদ্ধি হওয়ায় অনেক পরিবার ব্যারাক ছেড়ে চলে যাচ্ছে ৩। ব্যারাক সমূহের জরাজীর্ণ অবস্থা ল্যাট্রিন, নলকূপ ও রাস্তার সংকটের কারণে অনেক পরিবার ব্যারাক ছেড়ে চলে যাচ্ছে	কার্যক্রম নেই	৫১০ পরিবারিক ঋণ খেলাফী হয়ে যাবে।	১। ৯টি আশ্রয়ন /আশ্রয়ন কেম-২ প্রকল্প জরুরী ভিত্তিতে সংস্কার করা যেতে পারে। ২। আশ্রয়ন/আশ্রয়ন কেম- ২ তে বসবাসরত ৫১০ পরিবারকে বিভিন্ন ট্রেড ভিত্তিক প্রশিক্ষণ প্রদান করা যেতে পারে। অতএব সমবায় দপ্তর হতে ট্রেড ভিত্তিক ঋণ প্রদান করা যেতে পারে।
যুব উন্নয়ন	উপজেলা যুব উন্নয়ন কার্যালয়ে আগত সেবা গ্রহীতাদের সেবা প্রাপ্তি বিঘ্নিত হচ্ছে	উপজেলা যুব উন্নয়ন কার্যালয়,		উপজেলা যুব উন্নয়ন কার্যালয়ের জরাজীর্ণ অবকাঠামো	কার্যক্রম নেই		জরুরী ভিত্তিতে উপজেলা যুব উন্নয়ন কার্যালয়ের চালা, বারান্দাও অন্যান্য অবকাঠামো সংস্কার ও উন্নয়ন করা যেতে পারে।
